

ওয় চূড়ান্ত নোটিশ

স্মারক নং-৪৭.৬১.৬৪০৩.০০০.৩৩.০০৬.১৯.১৮৪

তারিখঃ ২৪/১১/২০২২খ্রিঃ

যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী মহোদয়ের আদেশ নং-৮১৫/১(২৭) তারিখ-২৯/০৫/২২ খ্রিঃ মূলে প্রদত্ত ক্ষমতা মোতাবেক রাণীনগর ইউসিসিএ লিঃ এর ২০২১-২০২২ খ্রিঃ সনের বার্ষিক অডিট সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধন ২০০২ ও ১৩) এর ৪৫ ও ৪৬ ধারা ও বিধিমালা-২০০৪ (সংশোধন ২০২০) এর বিধি ১০০, ১০১, ১০২ ও ১০৩ মোতাবেক অডিট সম্পাদনের লক্ষ্যে অত্র কার্যালয়ের (১) ২৮/০৮/২০২২খ্রিঃ তারিখের ৩৩.০০৬.১৯-১৩৫ স্মারক ও (২) ১৯/০৯/২০২২খ্রিঃ তারিখের ৩৩.০০৬.১৯.১৫৭ স্মারক মূলে পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যবধি নিম্ন-স্বাক্ষরকারী নিরীক্ষক বরাবর চাহিত হিসাব বিবরণী দাখিল করা হয়নি। যাহা সমবায় সমিতি সংশোধিত বিধিমালা-২০২০ এর ৯৯(৩) ও ১০২(৩) বিধি অবমাননার শামিল। এমতাবস্থায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আপনার সমিতির অডিট কার্যক্রম আগামী ০৭/১২/২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় রাণীনগর ইউসিসিএ লিঃ এর অফিস কক্ষে আরম্ভ করা হবে। উক্ত অডিট কার্য সম্পাদনের লক্ষ্যে নিম্নে উল্লেখিত হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদি হালনাগাদ অবস্থায় আগামী ০১/১২/২২খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদিঃ

১. ২০২১-২০২২ খ্রিঃ সনের জমা-খরচ হিসাব (প্রকল্প ভিত্তিক আলাদা আলাদা এবং একীভূত জমা-খরচ হিসাব) এবং রেওয়ামিল।
২. লাভ-ক্ষতি বিবরণী।
৩. নগদ প্রবাহ বিবরণী।
৪. ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্র।
৫. ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত সমিতির সকল দেনা ও পাওনার স্বপক্ষে হালনাগাদ বিস্তারিত তালিকা (শেয়ার, সঞ্চয় ও কর্জের তালিকা যোগফলসহ)
৬. ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত ব্যাংক হিসাব ও ব্যাংকের নিকট দেনার স্বপক্ষে ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে সমিতির নিকট ব্যাংকের পাওনার ব্যাংক ব্যালেন্স সার্টিফিকেট।
৭. ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে সমিতির জমা-খরচ বহির সমাপনী মজুতের সাথে ব্যাংক হিসাবের স্থিতির পার্থক্য থাকলে ব্যাংক সমতাকরণ বিবরণী।
৮. সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ১৩) এর ধারা ৪৫ এর নিরীক্ষা প্রকৃতিতে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে প্রয়োজনীয় রেকর্ডপত্র।
৯. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধন ২০২০) এর ৫৬ বিধি মোতাবেক সমিতির রেজিষ্টার ও বহি সমূহ ক) সদস্য ও তার মনোনীত প্রতিনিধি রেজিষ্টার (ফরম-৯)। খ) শেয়ার রেজিষ্টার, গ) সঞ্চয় রেজিষ্টার, ঘ) লোন রেজিষ্টার বা অগ্রীম রেজিষ্টার(যদি প্রযোজ্য হয়), ঙ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার সিদ্ধান্ত রেজিষ্টার, চ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার সদস্য হাজিরা রেজিষ্টার, ছ) ক্যাশ বহি বা রেজিষ্টার এবং নিবন্ধক কর্তৃক নির্দেশিত অন্যান্য বহি বা রেজিষ্টার।
১০. এছাড়াও অন্যান্য রেকর্ডপত্র (যদি থাকে)। তার তালিকা সহ চাহিত সকল তথ্য লিখিতভাবে আগামী ০১/১২/২০২২ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে দাখিলকৃত সকল হিসাব বিবরণী অডিট ম্যানুয়াল অনুযায়ী প্রস্তুত পূর্বক রাণীনগর ইউসিসিএ লিঃ এর কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষর সম্বলিত স্বচ্ছ কম্পিউটার কপি হতে হবে।


সভাপতি/সম্পাদক
রাণীনগর ইউসিসিএ লিঃ

স্বাঃ-
(এস এম নিজাম উদ্দীন আহম্মেদ)
অডিট অফিসার
রাণীনগর ইউসিসিএ লিঃ ও
উপজেলা সমবায় অফিসার
আত্রাই, নওগাঁ।
তারিখঃ ২৪/১১/২০২২খ্রিঃ

স্মারক নং-৪৭.৬১.৬৪০৩.০০০.৩৩.০০৬.১৯.১৮৪/১(৫)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব ও পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাণীনগর ইউসিসিএ লিঃ। উক্ত কেন্দ্রীয় সমিতির ২০২১-২০২২ খ্রিঃ সনের বার্ষিক অডিট সম্পাদনের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো এবং রাণীনগর ইউসিসিএ লিঃ এর সদস্য/সদস্য সমিতির নিজ নিজ হিসাব মিলিয়ে নেওয়ার নিমিত্তে তাদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। উপজেলা সমবায় অফিসার, রাণীনগর, নওগাঁ।
- ০৩। জেলা সমবায় অফিসার, নওগাঁ (মহোদয়ের অবগতির জন্য)।
- ০৪। উপ-পরিচালক, বি আর ডি বি, নওগাঁ (মহোদয়ের অবগতির জন্য)।
- ০৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী (মহোদয়ের অবগতির জন্য)।
- ০৬। অফিস কপি।



২৪/১১/২২

উপজেলা সমবায় অফিসার
আত্রাই, নওগাঁ।